# রাবির ৩ দিনের ভর্তিযুদ্ধে লড়বেন পৌনে এক লাখ শিক্ষার্থী

অনলাইন ডেস্ক
২৯ মে ২০২৩ ১০:১৩ এএম | আপডেট: ২৯ মে ২০২৩ ১২:৪৫ পিএম

5
Shares




রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার শিক্ষার্থীরা। ছবি: সংগৃহীত

advertisement..

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তিযুদ্ধ আজ সোমবার শুরু হয়েছে। চলবে আগামী ৩১ তারিখ পর্যন্ত।

আজ সোমবার সকাল ৯টা থেকে তিন দিনব্যাপী ভর্তিযুদ্ধের প্রথম দিনের কার্যক্রম শুরু হয়েছে। এ বছর ‘সি’ ইউনিটে ১ হাজার ৫৯৪টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৭৫ হাজার ৮৫০ জন ভর্তিচ্ছু।

advertisement

জানা গেছে, চার শিফটে ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা হবে। প্রথম শিফটের পরীক্ষা সকাল ৯টায় শুরু হয়ে শেষ হবে সকাল ১০টায়। দ্বিতীয় শিফট বেলা ১১টায় শুরু হয়ে শেষ দুপুর ১২টায়। তৃতীয় শিফটের পরীক্ষা দুপুর ১টায় শুরু হয়ে শেষ হবে দুপুর ২টায়। চতুর্থ শিফটের পরীক্ষা বিকেল সাড়ে ৩টায় শুরু হয়ে শেষ হবে বিকেল সাড়ে ৪টায়।

এদিকে, আগামীকাল মঙ্গলবার কলা অনুষদভুক্ত ‘এ’ ইউনিট এবং পরদিন বুধবার ব্যবসায় অনুষদভুক্ত ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে শেষ হবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা।

এবার তিন হাজার ৯৩০টি আসনের বিপরীতে তিন ইউনিট মিলিয়ে কোটাসহ চূড়ান্ত আবেদন জমা পড়েছে মোট এক লাখ ৭৮ হাজার ৫৭৪টি। এর মধ্যে ‘বি’ ইউনিটে ৩০ হাজার ৬৭৪টি, ‘এ’ ইউনিটে ৭২ হাজার ৫০টি, ও ‘সি’ ইউনিটে ৭৫ হাজার ৮৫০টি চূড়ান্ত আবেদন জমা পড়ে।

‘সি’ ইউনিটের ভর্তির পরীক্ষার কো-অর্ডিনেটর এবং বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. সাহেদ জামান জানান,‘ ‘‘সি’’ ইউনিটের ভর্তি পরীক্ষার সব ধরনের প্রস্তুতি সম্পন্ন। আশা করছি, সবার সার্বিক সহযোগিতায় সুষ্ঠুভাবে পরীক্ষা শেষ করতে পারব।’

5
Shares